

আমরা জনগণের পক্ষে

# বাংলাদেশ প্রতিদিন

২১-০৮-২০২২, পঃ অনলাইন



## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে 'হৃদয়ে বঙ্গবন্ধু' কর্ণার উদ্বোধন

প্রেস বিজ্ঞপ্তি



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কাজকে স্মরণীয় করে রাখতে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিতে 'হৃদয়ে বঙ্গবন্ধু' কর্ণার উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে এই কর্ণারের উদ্বোধন করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা, অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। এই কর্ণারে বঙ্গবন্ধুর একটি আবক্ষ প্রতিকৃতি এবং তার জীবন ও কর্মের ওপর রচিত বইগুলো স্থান পেয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানের সংক্ষিপ্ত বক্তব্যে অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, বাংলাদেশের রাষ্ট্রের অভ্যন্তর এবং বিকাশের ইতিহাস জানতে হলে সবাইকেই বঙ্গবন্ধুকে জানতে হবে। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় সবসময়ই মুক্তিযুদ্ধের চেতনা ও বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করে। তাই এই কর্ণারের মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মকে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধকে আরও বিশদভাবে জানার সুযোগ করে দেবে। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য ড. রফিকুল হুদা চৌধুরী, উপাচার্য অধ্যাপক ড. এম শহিদুল হাসান, উপ-উপাচার্য অধ্যাপক ড. এম জিয়াউলহক মামনসহ বিশ্ববিদ্যালয়ের ডিন, প্রফেসর, রেজিস্ট্রার, লাইব্রেরিয়ান, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।